

# কুকুরের মালিকদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

## লেপ্টোস্পাইরোসিস কি?

লেপ্টোস্পাইরোসিস একটি জীবাণুজনিত রোগ যা মানুষ এবং কিছু প্রাণীকে প্রভাবিত করে, যেমন কুকুর। এটি খুব কমই বিড়ালদের প্রভাবিত করে।

## নিউ ইয়র্ক সিটি (New York City, NYC)- তে কি লেপ্টোস্পাইরোসিস আছে?

হ্যাঁ। পাঁচটি বরোর সবকটিতেই মানুষ ও কুকুরের মধ্যে লেপ্টোস্পাইরোসিস পাওয়া গেছে। বিভিন্ন প্রাণী লেপ্টোস্পাইরোসিস সৃষ্টিকারী জীবাণু বহন করতে পারে। NYC-তে, হুঁদুর হল সবচেয়ে সাধারণ উৎস।



## লেপ্টোস্পাইরোসিস কীভাবে ছড়ায়?

যে জীবাণু লেপ্টোস্পাইরোসিস সৃষ্টি করে তা সংক্রমিত প্রাণীর প্রস্রাবের মাধ্যমে ছড়িয়ে পড়ে এবং জলে বা মাটিতে কয়েক সপ্তাহ থেকে মাস পর্যন্ত বেঁচে থাকতে পারে। মানুষ এবং প্রাণী সংক্রমিত হতে পারে যদি জীবাণু তাদের চোখে, নাকে বা মুখে অথবা তাদের ছকের কাটা বা আঁচড়ের মধ্য দিয়ে প্রবেশ করে। কুকুর সাধারণত হুঁদুরের প্রস্রাব দ্বারা দূষিত জল বা মাটি চাটার বা পান করার ফলে সংক্রমিত হয়।

## আমার কি আমার কুকুর থেকে লেপ্টোস্পাইরোসিস হতে পারে?

হ্যাঁ, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে কুকুর থেকে মানুষের মধ্যে লেপ্টোস্পাইরোসিস ছড়িয়ে পড়ার ঘটনা অত্যন্ত বিরল এবং NYC-তে রিপোর্ট করা হয়নি।

## লেপ্টোস্পাইরোসিসের লক্ষণ ও উপসর্গগুলি কী কী এবং এগুলি কতক্ষণ স্থায়ী হয়?

কুকুররা সাধারণত সংস্পর্শে আসার এক থেকে দুই সপ্তাহ পরে অসুস্থ হয়ে পড়ে। কয়েক সপ্তাহ ধরে চলতে পারে এমন লক্ষণগুলির মধ্যে রয়েছে, জ্বর, কাঁপুনি, ক্ষুধামান্দ্য, বমি, পেশীতে ব্যথা এবং ডায়রিয়া। কিছু কুকুরের আরও গুরুতর অসুস্থতা তৈরি করতে পারে, যেমন কিডনি বা লিভারের বিকলতা, এমনকি তাদের প্রাথমিক লক্ষণগুলির উন্নতি হওয়ার পরেও।

## আমি কীভাবে আমার কুকুরকে লেপ্টোস্পাইরোসিস থেকে রক্ষা করতে পারি?

আপনার বাড়িকে হুঁদুর-জাতীয় প্রাণী থেকে এবং আপনার কুকুরকে হুঁদুর-জাতীয় ও অন্যান্য ছোট বন্য স্তন্যপায়ী প্রাণী থেকে দূরে রাখুন। আপনার কুকুরকে ডোবা/গর্ত থেকে বা প্রাণীর প্রস্রাব থাকতে পারে এমন অন্যান্য কোনো জলের উৎস থেকে জল পান করতে দেবেন না। লেপ্টোস্পাইরোসিস প্রতিরোধ করতে টিকা দেওয়ার বিষয়ে আপনার পশুচিকিৎসকের সাথে কথা বলুন।



## লেপ্টোস্পাইরোসিস কীভাবে নির্ণয় করা হয়?

আপনার পশুচিকিৎসক আপনার কুকুরের সংস্পর্শে আসার ইতিহাস (যেমন হুঁদুর বা জলের ডোবা/গর্ত), উপসর্গ এবং রক্ত বা প্রস্রাব পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে লেপ্টোস্পাইরোসিসের জন্য রোগ নির্ণয় করতে পারেন।

## কীভাবে লেপ্টোস্পাইরোসিসের চিকিৎসা করা হয়?

অ্যান্টিবায়োটিক দিয়ে লেপ্টোস্পাইরোসিসের চিকিৎসা করা হয়। শুরুতেই এটির চিকিৎসা করলে তা গুরুতর রোগ প্রতিরোধ করতে সাহায্য করতে পারে। গুরুতর অসুস্থ কুকুরদের ক্ষেত্রে হাসপাতালে ভর্তির প্রয়োজন হতে পারে।

## আমার কুকুরের লেপ্টোস্পাইরোসিস ধরা পড়লে আমার কী করা উচিত?

আপনার পশুচিকিৎসক আপনার কুকুরকে অ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা শুরু করবেন, যা প্রস্রাব করার সময় এর দেহ থেকে নির্গত জীবাণুর পরিমাণ কমিয়ে দেবে। আপনার কুকুরের চিকিৎসার সময় নিজেকে এবং অন্যদের সুরক্ষিত করতে:

- আপনার কুকুরকে বা তার প্রস্রাব ঘাঁটাঘাটি করার পরে সাবধানে আপনার হাত ধুয়ে নিন।
- আপনার কুকুরকে এমন জায়গায় প্রস্রাব করান যেখানে প্রস্রাব দ্রুত শুকিয়ে যাবে এবং মানুষ ও অন্যান্য কুকুরের সংস্পর্শে আসার সম্ভাবনা কম থাকে। সূর্যালোক এবং প্রস্রাব শুকিয়ে যাওয়া জীবাণুকে মেরে ফেলবে।

- আপনার কুকুরের বিছানা বা প্রস্রাব থাকা যে কোনও জায়গা পরিষ্কার করার সময় ডিসপোজেবল গ্লাভস পরুন।
- আয়োডিন- বা ব্লিচ-ভিত্তিক জীবাণুনাশক দিয়ে প্রস্রাব, মল বা বমি দ্বারা দূষিত এলাকাগুলি পরিষ্কার করুন।
- আপনি অসুস্থ বোধ করলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

## আমার কুকুরের যদি ইতোমধ্যেই লেপ্টোস্পাইরোসিস হয়ে গিয়ে থাকে, তাহলে কি সে আবার সংক্রমিত হতে পারে?

হ্যাঁ। লেপ্টোস্পাইরোসিস সৃষ্টিকারী জীবাণু বিভিন্ন স্ট্রেন রয়েছে। লেপ্টোস্পাইরোসিস থেকে সেরে ওঠার পরে, একটি প্রাণী জীবাণুর অন্য স্ট্রেন থেকে আবার অসুস্থ হতে পারে।

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

- প্রশ্নগুলির জন্য, আপনার পশুচিকিৎসকের সাথে কথা বলুন।
- লেপ্টোস্পাইরোসিস সম্পর্কে আরও তথ্যের এবং সংস্থানগুলির জন্য, [nyc.gov/health](http://nyc.gov/health)-এ যান এবং "leptospirosis" (লেপ্টোস্পাইরোসিস) অনুসন্ধান করুন।
- NYC হুঁদুর-সম্বন্ধীয় তত্ত্বানুসন্ধান মানচিত্র এবং হুঁদুর প্রতিরোধ ও ব্যবস্থাপনা সম্পর্কে তথ্যের জন্য, [nyc.gov/rats](http://nyc.gov/rats)-এ যান।

